# প্রস্তুত নিউ ইয়র্ক (Ready New York)

## প্রস্তুতির জন্য আপনার নিজস্ব পথ বেছে নিন



©2013 অ্যাড কাউন্সিল (Ad Council) এবং New York সিটি সঙ্কটকালীন
ব্যবস্থা পনার অফি স (New York City Office of Emergency Management)।
এডুকে শন সেন্টা র, LLC (The Education Center, LLC) দ্বারা পাঠ্য ও নকশা

# চারদিকে সাদা বরফের মধ্যে

“Sophia। Sophia, ওঠো।”

তার ভাই তাকে খোঁচা দেওয়া সত্ত্বেও, Sophia গরম কম্বলটাকে তার চিবুক পর্যন্ত টেনে নিতে চাইছিল আর সে যে স্বপ্নটা দেখছিল তাতেই আবার ডুবে যেতে চাইছিল। কারণ এটা ছিল শনিবার।

“Soph। চলো। উঠে পড়ো।”

তার ভাই তার কতটা কাছে ছিল তা জানার জন্য Sophia-কে চোখ খুলতে হয় নি। সে সবসময় এটা করত।


“যাও, তোমার কার্টুন দেখো”, Sophia বালিশের মধ্যে থেকে বলেছিল। “গিয়ে মাকে বিরক্ত করো।”

“কিন্তু বরফ!”

*বরফ* শব্দটা Sophia-র মাথার মধ্যে একটা সুইচ চালু করে দিয়েছিল। সে একটা চোখ খুলে তার ভাইয়ের মুখে আত্ম-সন্তোষের মুচকি হাসি দেখতে পেয়েছিল।

“হ্যাঁ, বরফ,” সে বলেছিল। “বাইরে তুষারঝড় হচ্ছে!”

Sophia আবার তার চোখ বন্ধ করেছিল আর গড়িয়ে চিত হয়ে শুয়ে পড়েছিল, কিন্তু চোখ বন্ধ অবস্থাতেও সে বুঝতে পারছিল যে তার ঘরের আলোটা অস্বাভাবিক ছিল। শীতকালের একটা সাধারণ শনিবার সকালের থেকে এটা বেশি অন্ধকার আর বেশি সাদা ছিল। সে চোখ খুলে উঠে বসেছিল। সে যা দেখছিল—আর যা দেখতে *পাচ্ছিল না* সেটাকে বিশ্বাস করতে পারছিল না। সে স্বাভাবিক বাড়িগুলোর ছাদ, আশেপাশের বাড়িগুলো, বা দূরের সেতু কিছুই দেখতে পাচ্ছিল না। সে মেঘ বা সূর্য, এমন কি বৃষ্টি বা কুয়াশা কিছুই দেখতে পাচ্ছিল না। সে চোখ কিছুটা বন্ধ করে বাড়ি আর ছাদের আবছা আকৃতি দেখতে পাচ্ছিল, কিন্তু বেশির ভাগ সে শুধু বরফই দেখতে পাচ্ছিল। তুষারের মোটা মোটা টুকরো ভেসে যাচ্ছিল।



“তুমি মাকে দেখিয়েছো?” Sophia জিজ্ঞাসা করেছিল।

“না। মা এখানে নেই।”

“এখানে নেই? Joey, তুমি কি বলছো, মা এখানে নেই মানে? তুমি ওনাকে উঠিয়েছিলে নাকি ওঠাও নি?”

“না,” সে বলেছিল। “কারণ উনি এখানে নেই।”

কখনও কখনও Sophia-র মনে হয় যে তার ভাই তাকে পাগল করে দেবে। সে তার গরম কম্বলটা ছুঁড়ে ফেলেছিল, আর সাথে সাথেই অনুতাপ করেছিল। Joey এক জানলা থেকে অন্য জানলায় ঘুরে বেড়াচ্ছিল। বিদ্যুৎ-নীল রঙের পাজামায় তাকে বিদ্যুতের একটা বোতলের মত দেখাচ্ছিল।

“ওখানে বরফ। ওখানে বরফ। আর ওখানেও বরফ!”

Sophia তার ঘর থেকে বেরনোর সময়ে ভাবছিল যে তার চটি জোড়া খোঁজা উচিত ছিল। মেঝেটা বরফের মত ঠান্ডা ছিল। সে বিছানা থেকে নেমে প্রতিটা ধাপ ফেলার সাথে সাথে উপলব্ধি করছিল যে অ্যাপার্টমেন্টটা অস্বাভাবিক ঠান্ডা ছিল।

“মা, Joey-কে বলো আমাকে একা থাকতে  দিতে,” Sophia তার মায়ের শোবার ঘরে ঢুকতে ঢুকতে বলছিল।

Sophia-র মায়ের বিছানাটা পরিপাটি করে সাজানো ছিল।

"তোমাকে আগেই বলেছিলাম," Joey বলেছিল।

Sophia ফাঁকা রান্নাঘরের পাশ দিয়ে হেঁটে গিয়েছিল, আর তার ভাই তার পিছনে পিছনে আসছিল। সে একটা গান গাইছিল। সেই গানে একটাই শব্দ ছিল *বরফ*—"বরফ, বরফ, বরফ, বরফ।"

বসার ঘরের সোফায় Sophia তার থেকে কয়েক বছরের বড় একটা মেয়েকে দেখতে পেয়েছিল। সে তাদের পরিবারের ফুটবল কম্বলটা জড়িয়ে বসে ছিল আর টেলিভিশনে দ্রুত চ্যানেল পাল্টাচ্ছিল।

Joey-র বরফ গানটা থেমে গিয়েছিল। সে লাফিয়ে আগন্তুক মেয়েটির পাশে সোফায় উঠে বলেছিল "ও জানে মা কোথায় আছে"।

"তুমি কে?" Sophia চোখ রগড়াতে রগড়াতে জিজ্ঞাসা করেছিল।

"আমি Olive। হলের নীচের তলায় থাকি।" Olive একটু থেমেছিল, আর Sophia মনে করতে চেষ্টা করছিল। *Olive! নিশ্চয়ই,* সে ভেবেছিল। এতে অবাক হওয়ার কিছু নেই যে Sophia তার প্রতিবেশীকে চিনতে পারে নি। Sophia শেষবার যখন Olive-কে দেখেছিল, তখন তার চুল উজ্জ্বল গোলাপী রঙের ছিল না।

"তোমার মা তোমার ঠাকুমাকে সাহায্য করতে গেছেন। তাঁর গাড়ি বরফে আটকে গেছে। তুমি চাইলে বিছানায় ফিরে যেতে পারো। উনি বলেছিলেন যে উনি কয়েক মিনিটের মধ্যেই ফিরে আসবেন," Olive বলেছিল।

"ওহ, ঠিক আছে," Sophia বলেছিল, কিন্তু তারপরে থেমে গিয়েছিল। "দাঁড়াও। উনি কয়েক মিনিটের মধ্যে ফিরে আসবেন? উনি কখন এটা বলেছিলেন?"

Olive অনিচ্ছা সত্ত্বেও কম্বলের তলা থেকে তার হাতটা বের করেছিল। তার কবজিতে কোথাও কয়েক ডজন ব্রেসলেটের মধ্যে সে তার ঘড়িটা খুঁজে পেয়েছিল।

"প্রায় এক ঘন্টা আগে," সে বলেছিল।

কয়েক মিনিটের মধ্যে ফিরবেন। কিন্তু এক ঘন্টা আগে বলেছিলেন? কিছু একটা মিলছে না। Sophia খেয়াল করল যে সে আবার ঘুমোতে যেতে পারে, আর মা বাড়ি ফেরার পরে ঘুম থেকে উঠতে পারে, অথবা সে তার জমে যাওয়া পায়ে গরম মোজা পরে—আর যথাযথ পোশাক পরে, তুষারঝড় এলে কী করতে হবে সেই বিষয়ে তার— পরিবারের সঙ্কটকালীন পরিকল্পনাটা পর্যালোচনা করতে পারে।


**SOPHIA যদি বিছানায় ফিরে যাওয়ার সিদ্ধান্ত নেয় তাহলে 6 পাতায় যান।**

**SOPHIA যদি পোশাক পরার এবং তার পরিবারের সঙ্কটকালীন পরিকল্পনাটা পর্যালোচনা করার সিদ্ধান্ত নেয়, তাহলে 8 পাতায় যান।**

## SOPHIA বিছানায় ফিরে যাওয়ার সিদ্ধান্ত নিল।

Sophia তার শোবার ঘরে ফিরে যাওয়ার সময়, Olive যে অনুষ্ঠান দেখছিল সেটা থামিয়ে হওয়া একটা জরুরি সম্প্রচার শুনতে পেল। সে *রেকর্ড*, *তুষারঝড়*, *বিদ্যুৎ সংযোগ না থাকা*, এবং *বাড়ির ভিতরে*-এর মত শব্দগুলো শুনতে পেয়েছিল। সে যতটা চিন্তা করতে চাইছিল, এটা তার চেয়ে বেশি ছিল। সে শুধু তার গরম কম্বলের তলায় ফিরে যেতে চাইছিল।

Sophia তার কম্বলের তলায় গুটিয়ে গিয়েছিল যতক্ষণ না শুধু তার নাকটা বেরিয়ে ছিল। দূরবর্তী সোঁ-সোঁ শব্দ তাকে মনে করিয়ে দিচ্ছিল যে বাইরে একটা তুষারঝড় চলছিল, কিন্তু তার মা তাড়াতাড়ি বাড়ি ফিরে আসবেন আর এটা আবার একটা সাধারণ শনিবার হয়ে উঠবে। তার মা হয়ত প্যানকেকও বানাবেন।



Sophia ঘুমিয়ে পড়েছিল, কিন্তু এবারের ঘুমটা আগের মত বিশ্রামপূর্ণ ছিল না। প্রবলবেগের হাওয়ার ধাক্কায় জানলা কাঁপার শব্দটা তাকে বিরক্ত করছিল। সে এখন আর গরম ও শিথিল অনুভব করছিল না। এখন তার শরীর কিছুতেই আর গরম হচ্ছিল না।

Sophia চোখ খুলেছিল। সে দেখল Joey আবার তার দিকে তাকিয়ে আছে। এবারে সে কাঁপছিল আর তাদের বিড়াল Mr. Whiskers-কে হাতে ধরে ছিল।

"বিদ্যুৎ চলে গেছে। আমাকে গরম করো," সে বলেছিল, সে লাফিয়ে তার পাশে কম্বলের তলায় ঢুকে আসার সময় তার গলার স্বর সামান্য কাঁপছিল। তার পা দু'টো যেন বরফের চাঙরের মত ঠান্ডা ছিল।

"আর কার্টুন দেখবে না?" Sophia জিজ্ঞাসা করেছিল।

"কেবল চলে গেছিল, আর তারপরে তো বিদ্যুৎই চলে গেল।"

"ভাল কথা, Joey-ঠান্ডা পায়ের Joey, আমার মনে হয় আমাদের এখন ওঠা উচিত, আর আমাদের সবচেয়ে গরম পোশাকগুলো পরে তৈরি হওয়া উচিত, আর তারপরে এই ঠান্ডা অবস্থাটার নিয়ন্ত্রণ নিজের হাতে নিতে হবে," Sophia বলেছিল। "তোমার ঘরে গিয়ে তোমার প্রিয় গরম পোশাকগুলো খোঁজো। মোটা মোজা, গরম প্যান্ট, লম্বা-হাতার কয়েকটা জামা বা হুডি বা দু'টোই, অথবা Mame দিদা আগের ক্রিসমাসে তোমাকে যে সোয়েটারটা দিয়েছিল সেটা।"

"ইস। না!"

"ইস, হ্যাঁ," Sophia বলেছিল। "ওটা দেখতে বিশ্রী হতে পারে, কিন্তু বাজি ধরে বলতে পারি যে ওটা গরম। পোশাক পরে তৈরি হওয়ার পরে আমাদের সিদ্ধান্ত নিতে হবে যে আমাদের কী করতে হবে।"

**পাতা 10-এ "গল্পটা চলছে"-তে এগিয়ে যান।**


**SOPHIA পোশাক পরে তৈরি হয়ে তাদের পরিবারের সঙ্কটকালীন পরিকল্পনা পর্যালোচনা করার সিদ্ধান্ত নিল।**

ঠিক তখনই, Olive যা দেখছিল সেটাকে থামিয়ে একটা জরুরি সম্প্রচার শুরু হল। স্থানীয় টেলিভিশনের একজন আবহাওয়া বিশেষজ্ঞের মুখ পর্দায় দেখা গেল, বাইরে যে বরফ ঘুরপাক খাচ্ছিল তাঁর দাঁত ঠিক তেমনই সাদা ছিল। তাঁর কন্ঠস্বর অন্যান্য সবসময়ের মতই মনোরম শোনাচ্ছিল।

"বাইরে নিশ্চিতভাবেই বরফ পড়ছে!" আবহাওয়া বিশেষজ্ঞ বলেছিলেন।

"আশা করি ওরা একে অনেক টাকা দিচ্ছে। উনি খুবই স্মার্ট," Olive একটা বিদ্রূপের হাসি হেসে বলল।

"শহরের তরফ থেকে পরামর্শ দেওয়া হচ্ছে যেন প্রত্যেকে যেখানে আছেন সেখানেই থাকেন, কোনো জায়গায় আশ্রয় নেন, আর এই গুরুতর তুষারপাতের ঘটনার সময়ে সমস্ত সতর্কতা নেন," আবহাওয়া বিশেষজ্ঞ বলে চলেছিলেন। "রাস্তায় প্রবাহমান ও ভাসমান বরফের স্তূপ জমা হচ্ছে। আমরা বিদ্যুৎ চলে যাওয়ার সংবাদ পেতে শুরু করেছি।"



"এই ধরনের পরিস্থিতিতে তোমরা কী করো? আমার মা সাধারণত আমাকে দুধ আর ব্যাটারি আনতে দোকানে পাঠায়," Olive বলেছিল।

Sophia এই ব্যাপারে এক মুহূর্ত চিন্তা করেছিল। সে তার মায়ের সঙ্গে এই ধরনের অবস্থার ব্যাপারে আলোচনা করেছিল। তারা একসাথে একটা সঙ্কটকালীন পরিকল্পনাও তৈরি করেছিল আর একটা সঙ্কটকালীন সামগ্রীর কিটও জড়ো করেছিল। অ্যাপার্টমেন্টে কয়েক দিন টিকে থাকার জন্য তাদের যা যা প্রয়োজন হতে পারে, সেই জিনিসগুলো কিটে ছিল। ঘূর্ণিঝড়, তুষারঝড়, বিদ্যুৎ না থাকা—যেটাই হোক

না কেন। তারা প্রস্তুত ছিল।

"ঠিক আছে। আমার মনে হয় আমাদের এগুলো করা উচিত," Sophia ঘোষণা করেছিল। "Joey আর আমাকে আমাদের সবচেয়ে গরম পোশাক পরে তৈরি হতে হবে। মোটা মোজা, গরম প্যান্ট, গরম জামা বা সোয়েটশার্ট, যাই হোক। যদি বিদ্যুৎ চলে যায় আর ঘরে তাপ না থাকে, তার জন্য আমাদের প্রস্তুত থাকতে হবে। তারপরে তোমাদের আমাকে সাহায্য করতে হবে আমাদের প্যান্ট্রির পিছনে রাখা সঙ্কটকালীন সামগ্রীর কিটটা বের করতে। আমরা ঠিক থাকব। Olive, আমার কিছু অতিরিক্ত সোয়েটশার্ট আছে যেগুলো তুমি ধার নিতে পারো।"

আর তারপরেই বিদ্যুৎ চলে গেল। অ্যাপার্টমেন্ট হঠাৎ নীরব হয়ে গিয়েছিল। শুধু বইয়ের তাকে রাখা প্রাচীন ঘড়িটার টিকটিক শব্দ শুনতে পাওয়া যাচ্ছিল আর রান্নাঘরে কোথাও থেকে Joey-র বিড়াল Mr. Whiskers-এর *ম্যাও* ডাক শোনা যাচ্ছিল।

**পাতা 10-এ "গল্পটা চলছে"-তে এগিয়ে যান।**

**গল্পটা চলছে।**

অল্প কিছু সময় পরে, উপযুক্ত পোশাক পরে এবং ফ্ল্যাশলাইট নিয়ে, Sophia Olive–এর সঙ্গে রান্নাঘরের ভিতরে ঢুকেছিল, আর সে তার মায়ের সঙ্গে একসাথে যে সঙ্কটকালীন সামগ্রীর কিট একত্রিত করেছিল সেটা খুঁজে পেয়েছিল। তারা এটা খোলার পরে, এটা Olive-এর মনে রেখাপাত করেছিল।

"এটায় সত্যিই সেই সব কিছু আছে যা আমাদের প্রয়োজন, তাই না? !"

"আমার মা অপ্রস্তুত থাকতে চান নি। আমরা এটা জড়ো করার সিদ্ধান্ত নিয়েছিলাম, যাতে আমরা প্রায় এক সপ্তাহ বাইরে না বেরিয়ে এই অ্যাপার্টমেন্টে থাকতে পারি। এখানে একটা ওয়াইন্ডআপ রেডিও, ফ্ল্যাশলাইট, সঙ্কটকালীন কম্বল, খাবার ও জল আছে। এমন কি Mr. Whiskers-এর জন্যও খাবার আছে।"

"আমার পরিবারে এই রকম কিছু নেই, " Olive বলেছিল, সে সঙ্কটকালীন সামগ্রীর কিটটা দেখতে দেখতে বলেছিল। "এটা একটা ভাল বুদ্ধি। দেখো, এতে জল আছে, সহজে তৈরি করা যায় এমন সব ধরনের খাবার,খাবারের অনেকগুলো ক্যান, একটা ক্যান ওপেনার, ব্যাটারি আর একটা প্রাথমিক চিকিৎসার কিট আছে।"



এক মুহূর্তের জন্য বিদ্যুৎ ফিরে এসে তারপরেই আবার চলে গিয়েছিল। Joey লাফিয়ে Sophia-র কোলে উঠেছিল আর হাত দিয়ে শক্ত করে তার গলা জড়িয়ে ধরেছিল।

"আমি মাকে চাই!" Joey Sophia-ঘাড়ের কাছে ফিশফিশ করে বলেছিল।

"তোমরা কি মনে করো যে আমাদের বাইরে বেরিয়ে মাকে খোঁজা উচিত?" Sophia জিজ্ঞাসা করেছিল।

**যদি SOPHIA ও OLIVE মাকে খোঁজার জন্য বাইরে যাওয়ার সিদ্ধান্ত নেয়, তাহলে 11 পাতায় যান।**

**যদি SOPHIA ও OLIVE সিদ্ধান্ত নেয় যে মাকে খোঁজার জন্য বাইরে যাওয়া খুব বিপজ্জনক, তাহলে 13 পাতায় যান।**

**SOPHIA ও OLIVE মাকে খোঁজার জন্য বাইরে যাওয়ার সিদ্ধান্ত নিল।**

"এটা উদ্ধারকারী দলের মত মনে হচ্ছে," ওরা তিনজন অ্যাপার্টমেন্টে তালা দেওয়ার সময়ে Joey বলেছিল। "নেভি সীল বা ঐ ধরনের কিছু একটার মত।"

"তুমি এত বোকা," Sophia এলিভেটরের বোতাম টিপতে টিপতে বলেছিল।

"হুঁম, হ্যালো? ও বোকা? বিদ্যুৎ ছাড়া এই এলিভেটরটা কিভাবে আমাদের জন্য উপরে উঠে আসবে, Sophia?" Olive হেসে বলেছিল। সিঁড়ির দরজা খুলতে খুলতে সে যোগ করেছিল, "আমাদের সিঁড়ি দিয়ে নামতে হবে।"

সিঁড়ি দিয়ে নামা সহজ নয়। বিদ্যুৎ না থাকার ফলে এমার্জেন্সি লাইটের আলোয় কোনো রকমে শুধু অন্ধকারটাই দূর হচ্ছিল।

"গা ছমছম করছে," Joey বলেছিল।

"আমাদের ফিরে গিয়ে আরেকটা ফ্ল্যাশলাইট নিয়ে আসা উচিত ছিল। আমি এর ফলে তোমাদের মায়ের সামনে খুব বেশি সমস্যায় পড়তে চলেছি," Olive বলেছিল।

"সবকিছু ঠিক হয়ে যাবে। শুধু একসাথে থাকো আর চেষ্টা করো যাতে আলোটা না আটকায়।"

Sophia নির্ভয়ে পথে নেতৃত্ব দিচ্ছিল। তারা মাত্র একটা তলা নিচে নেমেছিল, আরো 11 তলা নামা বাকি ছিল, এমন সময় Sophia-র প্যান্টের পায়ে তার বুটজুতো আটকে গিয়েছিল, আর সে ভারসাম্য হারিয়ে তার হাঁটু ও কবজির উপরে ভর দিয়ে জোরে পড়ে গিয়েছিল। "Sophia!" Olive চেঁচিয়ে উঠেছিল।



Sophia ব্যথায় চিৎকার করেছিল, "উফ!"

Olive আর Joey দেখতে পেয়েছিল যে Sophia মেঝেতে বসে পড়েছিল, আর অন্য হাতটা দিয়ে তার ডান কবজি ঢেকে রেখেছিল।

"Soph, Soph, তুমি কি ঠিক আছো?" Joey চেঁচিয়ে উঠেছিল।

"আমি ঠিক হয়ে যাব, Joey। আমি কবজির উপরে ভর দিয়েখুব জোরে পড়েছি, কিন্তু আমি ভাল হয়ে যাব। আমি বাস্কেটবল খেলতে গিয়ে পড়ে যাওয়ার সময় যেমন লেগেছিল, সেই রকম লাগছে। ঠিক আছে...."

"যথেষ্ট হয়েছে। চলো ফিরে যাই। আমাদের অ্যাপার্টমেন্ট ছেড়ে বেরোনোই উচিত হয় নি। আমরা যেখানে ছিলাম সেখানে থাকলেই আমরা বেশি নিরাপদ থাকব," Olive সিদ্ধান্ত নিয়েছিল।

ওরা তিনজন পিছনে ঘুরে আবার সিঁড়ি দিয়ে উঠে অ্যাপার্টমেন্টে ফিরে এসেছিল। ওরা ভিতরে ঢুকে এসেছিল আর তারপরে একে অপরের দিকে তাকিয়ে দাঁড়িয়ে ছিল। তাদের এখন কী করা উচিত?

**13 পাতায় "SOPHIA ও OLIVE সিদ্ধান্ত নিল যে মাকে খোঁজার জন্য বাইরে যাওয়া খুব বিপজ্জনক"-এ যান।**

## SOPHIA ও OLIVE সিদ্ধান্ত নিল যে মাকে খোঁজার জন্য বাইরে যাওয়া খুব বিপজ্জনক।

"আমি মাকে চাই," Joey জোরে কেঁদে উঠেছিল।

"সব ঠিক আছে, Joey। আমি আছি। আমাদের সঙ্গে Olive আছে। আর আমাদের কাছে সত্যিকারের দারুণ কিছু খাবার আছে," Sophia সঙ্কটকালীন সামগ্রীর কিটের কাছে পৌঁছে, খাওয়ার-জন্য-প্রস্তুত নুডলের একটা প্যাকেট তাকে দেখিয়ে বলেছিল।

"চিন্তা করো না, ছোটু" Olive যোগ করেছিল। "এটা কোথাও না গিয়েও একটা রোমাঞ্চকর অভিযানের মত। এটা বাড়িতে থাকার রোমাঞ্চকর অভিযান।"

সে চোখ ঘুরিয়েছিল।

"ও ঠিকই বলছে," Sophia বলেছিল। "এই ব্যাপারে ভাবো। আমরা যদি এই অবস্থায় বাইরে যেতাম, তাহলেও বা কীভাবে মাকে খুঁজে পেতাম?"

"আমার মাথায় একটা বুদ্ধি আছে, Joey। আমি জানি না আমি কেন আরও আগে এটা ভাবি নি!" Olive বলেছিল। "আমার সেল ফোন এখনও কাজ করছে। তোমার মাকে টেক্সট মেসেজ পাঠানো যাক।" Olive তার ফোনটা উপরে তুলে ধরেছিল।

Joey জানলা থেকে সিধা চলে এসেছিল আর ঠেলাঠেলি করে Olive আর Sophia-র মধ্যে ঢুকে পড়েছিল। Olive যে কম্বলে নিজেকে মুড়ে রেখেছিল, সে তার অনেকটাই দখল করে নিয়েছিল।

"আর তোমরা দু'জন যতক্ষণ ধরে এটা করছো, সেই সময়ে আমি আমাদের খেলার জন্য একটা বোর্ড গেম বের করছি," Sophia তার কম্বলটা Joey-র চারপাশে গুঁজে দিয়ে বলেছিল।

"আমি টাইপ করেছি 'মা, তুমি কোথায় আছো? সব কিছু ঠিক আছে? আমরা ভাল আছি আর তোমার জন্য অপেক্ষা করছি। আমাদের টেক্সট পাঠিয়ে উত্তর দাও। এটা Olive-এর ফোন। Joey ও Sophia। এটা কি ভাল শোনাচ্ছে?" Olive জিজ্ঞাসা করেছিল।

"এটা পাঠিয়ে দাও!" Joey বলেছিল।

Olive ও Sophia একমত হয়েছিল যে Sophia-র মাকে উত্তর দেওয়ার জন্য কিছুটা সময় দেওয়া উচিত। উনি যদি এখনই উত্তর না দেন, তাহলেও দুশ্চিন্তা করার কোনো প্রয়োজন নেই। তার ফোনটা তার পার্সের মধ্যেও থাকতে পারে। যদি হাওয়ার শব্দ খুব তীব্র হয়, তাহলে তিনি এটা শুনতে নাও পেতে পারেন। তিনি দস্তানা পরে থাকতেও পারেন। Joey-ও একমত হয়েছিল, আর Sophia তার ভাইকে একটু শান্ত হতে দেখে নিজেও স্বস্তি পেয়েছিল। বিদ্যুত কয়েক মুহূর্তের জন্য এসেছিল, কিন্তু তারপর আবার চলে গেল।

"এটা বোর্ড গেম খেলার জন্য একেবারে সঠিক সময় বলে মনে হচ্ছে!" Sophia পছন্দগুলো ছড়িয়ে দিয়ে বলেছিল, যাতে তারা সেখান থেকে বেছে নিতে পারে।

ঠিক তখনই, Olive-এর ফোনে বীপ শব্দ হয়েছিল। তাদের টেক্সট মেসেজের উত্তর এসেছিল।

"বাড়ি থেকে কয়েকটা ব্লক দূরে আছি। সব ঠিক আছে। দস্তানা পরা অবস্থায় টাইপ করা মুশকিল। ভালবাসা নিও, মা।"




Olive আর Sophia, Joey-কে খেলার জন্য প্রথম গেমটা বেছে নিতে দিয়েছিল—আর নিশ্চিতভাবেই সে সেই গেমটাই বেছে নিয়েছিল যেটায় তার জেতার সম্ভাবনা সবচেয়ে বেশি ছিল। তবে কয়েক রাউন্ড পরেই সে উপলব্ধি করেছিল যে এখনও কিছু একটা সমস্যা আছে।

"কয়েকটা ব্লক আসতে কতক্ষণ সময় লাগে?" সে জিজ্ঞাসা করেছিল।

ঠিক তখনই বিদ্যুৎ ফিরে এসেছিল।

"আমাদের উচিত নিচে লবিতে গিয়ে মায়ের জন্য অপেক্ষা করা," Joey পরামর্শ দিয়েছিল।

"আমার ধারণা আমরা এটা করতে পারি," Sophia বলেছিল।

"আমাদের হয়ত এখানেই থাকা উচিত," Olive বলেছিল। "বিদ্যুৎ ফিরে এসেছে। অ্যাপার্টমেন্ট খুব শীঘ্রই গরম হয়ে যাবে। আমরা এখানে নিরাপদ।"

**তারা যদি নিচে লবিতে যাওয়ার সিদ্ধান্ত নেয় তাহলে 15 পাতায় যান।**

**তারা যদি সেখানেই থাকার সিদ্ধান্ত নেয় তাহলে 16 পাতায় যান।**

## তারা নিচে লবিতে যাওয়ার সিদ্ধান্ত নিল।

Joey সবার আগে দৌড়ে দরজা থেকে বেরিয়ে এসেছিল। সে তার মাকে দেখার জন্য মরিয়া ছিল। Olive এতটা নিশ্চিত ছিল না যে তারা সঠিক সিদ্ধান্ত নিয়েছিল। অ্যাপার্টমেন্টের দরজার তালা লাগাতে লাগাতে Joey আর Sophia-কে Olive বলেছিল যে তাদের দু'জনেরই উচিত তার কাছাকাছি থাকা।

"আজ দুপুরের আগে ঝড়টা তার জঘন্যতম রূপে পৌঁছবে না," Olive বলেছিল। "আর এখনও দুপুরের খাওয়ার সময় হয় নি। আমাদের এখনও সতর্ক থাকা প্রয়োজন।"

"গোলাপী চুলের কোনো মানুষের পক্ষে তুমি যথেষ্ট দায়িত্বশীল," Sophia উত্তর দিয়েছিল।

Joey বারবার এলিভেটরের কল বোতামটা টিপছিল।

"তুমি যত বেশি এটাকে টিপবে, এটা তত দ্রুত চলবে," সে বলেছিল। "এটা একটা বিজ্ঞানসম্মত তথ্য।"

"নিশ্চিতভাবেই সঠিক," Sophia বলেছিল।

একটা ছোট ঘন্টা বেজে উঠেছিল। এলিভেটরটা এসে গিয়েছিল। কিন্তু দরজাটা খুলে যাওয়ার সাথে সাথেই আবার বিদ্যুৎ চলে গিয়েছিল। এলিভেটরের ভিতরে আরেকটা ঘন্টা আরো তীব্রভাবে বেজে উঠেছিল। Joey এলিভেটরের ভিতরে পা দিতে যাওয়ার সাথে সাথে Olive তাকে টেনে ধরেছিল। সে তাকে টেনে বের করে এনেছিল।



"ওহ! দ্রুত চিন্তা করেছো," Sophia Olive-কে বলেছিল।

"তোমরা দু'জন এসো। তোমাদের অ্যাপার্টমেন্টে ফিরে চলো। আমি জানতাম যে আমরা যেখানে ছিলাম আমাদের সেখানেই থাকা উচিত ছিল।"


16 পাতায় "তারা সেখানেই থাকার সিদ্ধান্ত নিল"-এ যান।

## তারা সেখানেই থাকার সিদ্ধান্ত নিল।

ওরা তিনজন একটার পর আরেকটা বোর্ড গেম খেলে চলেছিল। তারা একটা চেকার্স গেম খেলা শুরু করার সাথে সাথে চাবি দিয়ে তালা খোলার শব্দ শুনতে পেয়েছিল, আর Sophia ও Joey'র মা তাদের ঠাকুমার সাথে দরজা দিয়ে হেঁটে প্রবেশ করেছিলেন।

"কে বাইরে গিয়ে বরফে খেলতে চায়?" তিনি হেসে জিজ্ঞাসা করেছিলেন।

Joey আর Sophia দৌড়ে তাদের মায়ের কাছে গিয়েছিল আর তাঁকে জড়িয়ে ধরে আর একটু হলে মাটিতে ফেলেই দিয়েছিল।



"আমার মনে হয় ওরা আপনাকে মিস করছিল," Olive বলেছিল।

"তোমার এই কথাটা বলার কারণ কী?" ওদের মা এই কথাটা বলেই Joey-কে উপরে তুলে জড়িয়ে ধরেছিলেন। উনি Sophia–র গালে একটা চুমু দিয়েছিলেন। "Olive, আমি তোমাকে যত ধন্যবাদই দিই, তা যথেষ্ট নয়। তুমি আজ আমাদের সত্যিই দারুণ সাহায্য করেছো। এই বরফটা পাগল করে দেবে!"

Joey এই ইঙ্গিতটা পেয়েই তার "বরফ, বরফ, বরফ, বরফ" গানটা গাইতে শুরু করে দিয়েছিল। সবাই বাড়িতে নিরাপদে থাকায় পরিতৃপ্ত হয়ে, এইবারে সে এটা জোরে জোরে আর আনন্দের সাথে গাইছিল।